

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২৩/০২/২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৯তম সভার কার্যবিবরণী :

সভাপতি	:	মোঃ এরশাদ উর-রশীদ পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
স্থান	:	পরিচালকের অফিস কক্ষ।
তারিখ ও সময়	:	২৩ ফেব্রুয়ারী ২০১৬ ; সকাল ১১.০০ ঘটিকায়।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত।


সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ আব্দুর রেজ্জাক, সদস্য সচিব, ইনোভেশন টিম বিগত সভার(৮ম সভার) কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ৬টি সুপারিশ গৃহীত হয়েছিল। গৃহীত সুপারিশ পর্যালোচনা পর্যায়ে জানানো হয় যে, যারা মেন্টর হিসাবে নিয়োজিত ছিলেন তৎমধ্যে সদস্য সচিব জনাব মোঃ আব্দুর রেজ্জাক তার আওতাভুক্ত সবকটি উপজেলার ইনোভেটরের সাথে যোগাযোগ করেছেন, এর মধ্যে মেলান্দহে গ্রাম জরিপের কাজ সম্পন্ন হয়েছে, স্বল্প সময়ের মধ্যে প্রশিক্ষণ শুরু হবে। উপপরিচালক(চঃদাঃ) জনাব ফরহাত নূর সভাকে জানান যে, তিনি তাঁর আওতাভুক্ত সবকটি উপজেলার ইনোভেটরের সাথে যোগাযোগ করেছেন। উপপরিচালক(চঃদাঃ) জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম সভাকে জানান যে, তিনি কিশোরগঞ্জ সদর এবং বিশ্বনাথ উপজেলার ইনোভেটরের সাথে যোগাযোগ করেছেন। সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) জনাব মোঃ শাহীনুর রহমান সভাকে জানান যে, তিনি পীরগঞ্জ এবং মহেশপুর উপজেলার ইনোভেটরগণের সাথে যোগাযোগ করেছেন।

সদস্য সচিব সভাকে জানান যে, এটুআই এর আওতায় এ যাবৎ যারা ইনোভেশন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের নিকট ইনোভেটিভ আইডিয়া প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছিল। সে প্রেক্ষিতে কয়েকটি আইডিয়া পাওয়া গেছে। প্রাপ্ত আইডিয়াগুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি অভিমত ব্যক্ত করেন যে প্রাপ্ত আইডিয়াগুলোকে সত্যিকারের ইনোভেশন আইডিয়া বলা যায় না তথাপিও যুব উন্নয়ন অধিদপ্তরের যেহেতু ২টিই মাত্র প্রধানতম সেবা অর্থাৎ আইডিয়া জেনারেট করার সুযোগ সীমিত সেহেতু আইডিয়াগুলোকে বিবেচনায় নেয়া যায়। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়।

সুপারিশ :

- ০১। ইনোভেশন টিমের প্রত্যেক সদস্যকে দেয় মেন্টর হিসেবে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন অব্যাহত রাখা ;
- ০২। ইনোভেশন আইডিয়া সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট পত্র দেয়া ;
- ০৩। প্রতিমাসে দুইটি আইডিয়া মন্ত্রণালয়ে পাঠানো ;
- ০৪। এস আই এফ ফান্ড প্রাপ্তির ব্যপারে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখা ;
- ০৫। চলতি বছরের জন্য গৃহীত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সমন্বয়পূর্ণ উদ্যোগ গ্রহণ ;
- ০৬। সোসাল মিডিয়ার প্রচার কার্যক্রম প্রতিমাসের সভায় উপস্থাপন।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)

ও

ইনোভেশন অফিসার

ফোনঃ ৯৫৬১৩৫৩


e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫-১১

তারিখঃ ০৬/০৩/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জনাব----- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। সংশ্লিষ্ট নথি।



(মোঃ আব্দুর রেজ্জাক)

উপপরিচালক(প্রোগ্রামার)

ও

সদস্য সচিব, ইনোভেশন টিম

ফোনঃ ৯৫১৪৯৭৭

e-mail: razzaque1966@gmail.com

পরিশিষ্ট “ক”

২৩/০২/২০১৬ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপপরিচালক(প্রোগ্রামার)	অস্পষ্ট
২	সৈয়দ আবদুল কাইয়ুম উপপরিচালক(চঃদাঃ)(পরিকল্পনা)	অস্পষ্ট
৩	জনাব ফরহাত নূর উপপরিচালক(চঃদাঃ)(বাস্তাবায়ন)	অস্পষ্ট
৪	জনাব মোঃ শহীনুর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	অস্পষ্ট